

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫৮.১৯

তারিখ: -----/১৪২৭ বঙ্গাব্দ
/২০২০ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি এর বিরুদ্ধে আনীত অভিযোগে উল্লেখ করা হয় যে, তিনি ২০১০ সাল হতে স্থানীয় আদেশে নার্সিং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করার কারণে স্বাস্থ্য সেবা বিভাগের ০৮/০২/২০১৬ তারিখের ৪৫.১৫৮.০১১.০০.০০.০২১.২০১৩ (অংশ-১-৭০(২০০)) নং আদেশ অমান্য করেছেন এবং তিনি সহকর্মীদের সাথে দুর্ব্যবহার করাসহ অশালীন আচরণ করেন,

২। যেহেতু, আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে গত ১৬/০৫/২০১৯ খ্রি: তারিখের ২১৪ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২৯/০৫/২০১৯ খ্রি: তারিখের সিএস/নীলফা/১৯/১২৪০ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন,

৩। যেহেতু, তার দাখিলকৃত কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক নয়, সেহেতু তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ০৮/০৬/২০২০ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫৮.১৯/১৬(২) সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার ঠিকানায় প্রেরণ করা হয়,

৪। যেহেতু জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য ০৯/০৯/২০১৯ তারিখের ৩৫৫ নং স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয় এবং আনীত অভিযোগ সত্য মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়,

৫। যেহেতু জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি কর্তৃক অভিযোগনামার পরিপ্রেক্ষিতে দাখিলকৃত জবাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ চাওয়া হয়,

৬। যেহেতু গত ০৭/০৯/২০২০ তারিখে জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি এর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়,

৭। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, মৌখিক বক্তব্য ও সরকার পক্ষে নথি উপস্থাপনকারী ও সংশ্লিষ্ট নথি নিরীক্ষা ও পর্যালোচনায় জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে,

৮। সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি কে তিরস্কার দণ্ড প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

সিদ্দিকা আক্তার
অতিরিক্ত সচিব
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

ইমেইলঃ info@dgnm.gov.bd

ফোনঃ ৯১৩৬৬৭৪।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫৮.১৯ .

২৫০/২(৯)

তারিখ: ২৫/৮/১৪২৭ বঙ্গাব্দ
৩০/৯/২০২০ খ্রিষ্টাব্দ

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, জেনারেল হাসপাতাল, নীলফামারি।
- ০৪। সিভিল সার্জন, নীলফামারি।
- ০৫। সেবা তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নীলফামারি।
- ০৬। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন, নীলফামারি।
- ০৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নীলফামারি।
- ০৯। জনাব কল্পনা রানী দাস, পিতা মৃত হরিধন দাস, নার্সিং সুপারভাইজার, জেনারেল হাসপাতাল, নীলফামারি।
- ১০। অফিস কপি

শোভা শাহনাজ
৩০.০৯.২০২০

শোভা শাহনাজ
(উপসচিব)
পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।